দামুড়হুদায় জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের সেমিফাইনাল খেলা অনুষ্ঠিত

দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব-১৭) সেমিফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

আজ সোমবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা’র সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দর্শনা পৌরসভার (প্যানেল) মেয়র রবিউল হক সুমন, কুড়ালগাছী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন।

টুর্নামেন্টের সেমিফাইনাল ম্যাচে মুখোমুখি মাঠে নামে নাটুদা ইউনিয়ন একাদশ বনাম কুড়ালগাছী ইউনিয়ন একাদশ অপর খেলায় দামুড়হুদা সদর ইউনিয়ন একাদশ বনাম দর্শনা পৌরসভা একাদশ। প্রথম খেলায় নাটুদা ইউনিয়ন একাদশকে ট্রাইবেকারে ৪-২ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয় কুড়ালগাছী ইউনিয়ন একাদশ। দ্বিতীয় খেলায় দামুড়হুদা সদর ইউনিয়ন একাদশকে ৪-২ গোলে হারিয়ে দর্শনা পৌরসভা চ্যাম্পিয়ন হয়।

দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি ও ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী’র সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ মোখলেছুর রহমান ও আবু বক্কর সিদ্দিক, নাজির সাখাওয়াত রাসেল,সিএ ফয়জুল হক, সহকারী প্রশাসনিক কর্মকর্তা আশরাফুল ইসলাম, উপজেলা আইসিটি টেকনিশিয়ান খাইরুল কবির ডিনার, ইউপি সদস্য হাসান আলী, নুরুল ইসলাম, সুমন হোসেন, কমিশনার রেজাউল হক।

খেলায় রেফারি দায়িত্ব পালন করেন সৈয়দ মাসুদুর রহমান, সুবাস চন্দ্র, ইউসুফ আলী ও শহিদ আজম সদু। খেলায় ধারাভাষ্যকার ছিলেন শামীম খাঁন, মোস্তাফিজুর রহমান ও জিয়া হায়দার।

আগামীকাল মঙ্গলবার বেলা ৩.৩০ ঘটিকার সময় ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে যে শক্তিশালী দল দুটি অংশ গ্রহণ করিবে কুড়ালগাছী ইউনিয়ন

দামুড়হুদায় জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের তৃতীয় খেলা অনুষ্ঠিত

দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব-১৭) তৃতীয় দিনে দুইটি খেলা অনুষ্ঠিত হয়।

গতকাল রবিবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা’র সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের চেয়ারম্যান এসএম জাকারিয়া আলম, জুড়ান পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, দর্শনা পৌর সভার (প্যানেল) মেয়র সুমন আহমেদ।
টুর্নামেন্টের তৃতীয় ম্যাচে মুখোমুখি মাঠে নামে জুড়ান পুর ইউনিয়ন একাদশ বনাম নাটুদাহ ইউনিয়ন একাদশ অপর খেলায় দর্শনা পৌরসভা একাদশ বনাম পারকৃষ্ণপুর মদন ইউনিয়ন একাদশ। প্রথম খেলায় জুড়ান পুর ইউনিয়ন একাদশকে ট্রাইবেকারে ৪-২ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয় নাটুদাহ ইউনিয়ন একাদশ। দ্বিতীয় খেলায় পারকৃষ্ণপুর মদন ইউনিয়ন একাদশকে ২-১ গোলে হারিয়ে দর্শনা পৌরসভা চ্যাম্পিয়ন হয়।

দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি ও ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী’র সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ মোখলেছুর রহমান ও আবু বক্কর সিদ্দিক, নাজির সাখাওয়াত রাসেল, সহকারী প্রশাসনিক কর্মকর্তা আশরাফুল ইসলাম, উপজেলা আইসিটি টেকনিশিয়ান খাইরুল কবির ডিনার। খেলায় রেফারি দায়িত্ব পালন করেন সৈয়দ মাসুদুর রহমান, সুবাস চন্দ্র, ইউসুফ আলী ও শহিদ আজম সদু। খেলায়

ধারাভাষ্যকার ছিলেন শামীম খাঁন ও মোস্তাফিজুর রহমান।

দামুড়হুদায় জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় খেলা অনুষ্ঠিত

দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব-১৭) দ্বিতীয় দিনে দুইটি খেলা অনুষ্ঠিত হয়।

আজ শনিবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা’র সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কুড়ালগাছী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন।

টুর্নামেন্টের দ্বিতীয় ম্যাচে মুখোমুখি মাঠে নামে দামুড়হুদা সদর ইউনিয়ন একাদশ বনাম কার্পাসডাঙ্গা ইউনিয়ন একাদশ অপর খেলায় হাউলী ইউনিয়ন একাদশ বনাম কুড়ালগাছী ইউনিয়ন একাদশ।

প্রথম খেলায় কার্পাসডাঙ্গা ইউনিয়ন একাদশকে ১-০ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয় দামুড়হুদা সদর ইউনিয়ন একাদশ। দ্বিতীয় খেলায় ট্রাইবেকারে হাউলী ইউনিয়ন একাদশকে ১-০ গোলে হারিয়েছে কুড়ালগাছী চ্যাম্পিয়ন হয়।

দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি ও ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী’র সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ মোখলেছুর রহমান ও আবু বক্কর সিদ্দিক, ইউপি সদস্য হাসান আলী, শহিদুল ইসলাম, শাহাজামাল, লিয়াকত আলী, নুরুল ইসলাম, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু, নাজির

সাখাওয়াত রাসেল, উপজেলা আইসিটি টেকনিশিয়ান খাইরুল কবির ডিনার, সহকারী প্রশাসনিক কর্মকর্তা আশরাফুল ইসলাম।

খেলায় রেফারি দায়িত্ব পালন করেন সৈয়দ মাসুদুর রহমান, সুবাস চন্দ্র, ইউসুফ আলী ও শহিদ আজম সদু। খেলায় ধারাভাষ্যকার ছিলেন শামীম খাঁন ও মোস্তাফিজুর রহমান।

দামুড়হুদায় জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট খেলা উদ্বোধন

দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব-১৭) উদ্বোধন করা হয়েছে।

আজ শুক্রবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস।

দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি ও ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী’র সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন শফিউল আলম, জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি মোঃ এখলাস উদ্দিন সুজন, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ মোখলেছুর রহমান ও আবু বক্কর সিদ্দিক, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, জুড়ানপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সোহরাব হোসেন, নতিপোতা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ইয়ামিন আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক

শফিউল কবির ইউসুফ।

উদ্বোধনী দিনে সাবেক চ্যাম্পিয়ন জুড়ানপুর ইউনিয়ন একাদশ বনাম নতিপোতা ইউনিয়ন একাদশ। খেলা অনুষ্ঠিত হয়।

খেলায় রেফারি দায়িত্ব পালন করেন সৈয়দ মাসুদুর রহমান, সুবাস চন্দ্র, ইউসুফ আলী ও শহিদ আজম সদু। খেলায় ধারাভাষ্যকার ছিলেন শামীম খাঁন ও মোস্তাফিজুর রহমান।

নির্ধারিত সময়ে কোন গোল না হওয়ায় ট্রাইবেকারে জুড়ানপুর ইউনিয়ন একাদশ ২-১ গোলে নতিপোতা ইউনিয়ন একাদশকে পরাজিত করে।

আলমডাঙ্গায় জাতীয় গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট আয়োজনের প্রস্তুতমূলক সভা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট বালক ও বালিকা (অনূর্ধ্ব ১৭) আয়োজনের প্রস্তুতমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টায় আলমডাঙ্গা উপজেলা সভা কক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে প্রস্তুতমূলক সভা অনুষ্ঠিত হয়।

সভায় আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাসের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌরসভার মেয়র হাসান কাদির গনু, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও ডাঃ নাজনীন সুলতানা, আলমডাঙ্গা থানা এস আই আমিনুর রহমান।

এছাড়াও উপস্থিত ছিলেন ইউপি চেয়ারম্যান আশিকুজ্জামান ওল্টু, মাহমুদুল হাসান চঞ্চল, এজাজ ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দার, মিনাজ উদ্দিন, সোহানুর রহমান, হাসানুজ্জামান সরোয়ার, মুন্সি এমদাদুল হক, নজরুল ইসলাম, ইউপি সদস্য দোলন, উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক খন্দকার জিহাদ-ই-জুলফিকার টুটুল, আলমডাঙ্গা সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান, আলমডাঙ্গা কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ শামীম রেজা, সিদ্দিকীয়া আলিম মাদ্রাসার ক্রীড়া শিক্ষক মহসিন কামাল, ক্রীড়া সংগঠক শরিফুল ইসলাম, মিজানুল হক, সোহাগ আলী, মামুনুর রশিদ মন্ডল ও আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের কর্মকর্তা কর্মচারী বৃন্দ। আগামী ১০ ই জুলাই আলমডাঙ্গা সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের বিটিম মাঠে দুপুর ২:৩০ মিনিটের সময় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট বালক / বালিকা (অনূর্ধ্ব ১৭) উদ্বোধনী খেলা অনুষ্ঠিত হবে।

মুজিবনগরের মোনাখালী গ্রামে ফুটবল টুর্নামেন্ট আয়োজন উপলক্ষে আলোচনা সভা

মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের মোনাখালী গ্রামে এক বিরাট ফুটবল টুর্নামেন্টের আয়োজন উপলক্ষে গ্রামের গণ্যমান্য ব্যক্তিদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে একটি গুরুত্বপূর্ণ আলোচনা সভার আয়োজন করা হয়েছে আজ বৃহস্পতিবার বিকেলে মোনাখালী ফুটবল খেলার মাঠে।

মোনাখালী ইউনিয়ন পরিষদের ০১ নম্বর ওয়ার্ডের সদস্য হাবিবুর রহমানের সভাপতিত্বে আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়। আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান।

উক্ত আলোচনা অনুষ্ঠানে অনন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বীর

মুক্তিযোদ্ধা জসীমউদ্দীন,উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা মিঠু,উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক মানিক,মোনাখালী ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল খালেক। ইট ভাটা মালিক ফারুক হোসেন ও চপল, আবদার আলী, লাভলু,আহাসান উল্লাহ, মনসুর আলী রোকনুজ্জামান, সেলিম রেজা, চান্দ আলী, ফকিরসহ আরো অনেকে।

আলোচনা সভা থেকে খেলা পরিচালনা কমিটি চূড়ান্ত করা হয়েছে। এই টুর্নামেন্টে মোট ৩২ টি দল অংশগ্রহণ করবে এবং প্রত্যেককেই নকআউট পর্ব হিসেবে খেলবে বলে নিশ্চিত করেছে খেলা পরিচালনা কমিটি।

ফাইনাল খেলায় বিজয়ী কে মোনাখালী ফুটবল টুর্নামেন্টের স্মরণকালের সবচেয়ে আকর্ষণীয় পুরস্কার প্রদান করবে বলে জানিয়েছে খেলা পরিচালনা কমিটি।

কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা নূরে আলম সিদ্দিকী ফুটবল টুর্নামেন্ট শুভ উদ্বোধন

ঝিনাইদহের কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা নূরে আলম সিদ্দিকী আন্তঃইউনিয়ন ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে জেলা ক্রীড়া সংস্থা ও উপজেলা ক্রীড়া সংস্থা কোটচাঁদপুরের আয়োজনে পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ খেলার শুভ উদ্বোধন করা হয়। খেলায় ৫ -০ গোলে জয়লাভ করেন বলুহর ইউনিয়ন ফুটবল একাদশ। জানা যায়, উদ্বোধনি খেলায় অংশ গ্রহণ করে সাফদারপুর ইউনিয়ন ফুটবল একাদশ ও বলুহর ইউনিয়ন ফুটবল একাদশের মধ্যে।

খেলাটি শুরু হয় বিকাল ৫ টায় কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে।

খেলার প্রথমঅর্ধে তুমুল লড়াই হয় দুই দলের মধ্যে। প্রথম অর্ধে ২

গোলের দেখা পাই বলুহর ইউনিয়ন ফুটবল একাদশ ।

বিরতির পর দুই দল মাঠে নামেন আবারও মনোবল নিয়ে। লড়াইও করেন গোলের জন্য। দ্বিতীয় অর্ধেও ৩ গোলের দেখা পায় বলুহর ইউনিয়ন ফুটবল একাদশ । আর ওই ৩ গোল দিয়েই শেষ হয় খেলা। সেই সুবাদে ৫-০ গোলে জয়লাভ করেন বলুহর ইউনিয়ন ফুটবল একাদশ।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার উছেন মে।

এ সময় বিশেষ অতিথি উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, কোটচাঁদপুর পৌরসভার মেয়র সহিদুজ্জামান সেলিম, সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, মডেল থানার অফিসার ইনর্চাজ মঈন উদ্দিন, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, মাধ্যমিক শিক্ষা অফিসার অশোক সরকার, কৃষি অফিসার রাজিবুল হাসান, প্রাণী সম্পদ কর্মকর্তা জিল্লুর রহমান, প্রাথমিক শিক্ষা অফিসার অশিত বরণ পাল, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম, কুশান ইউনিয়ন চেয়ারম্যান শাহরুজ্জামান সবুজ, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান প্রমুখ। খেলাটি পরিচালনা করেন রুস্তম কবির,সহকারী পরিচালক ছিলেন মাহফুজ আহম্মেদ লিখন, কাজী সোহেল ও হামিদুর রহমান।

দারিয়াপুর ইউপি একাদশকে ৫-০ গোলে হারিয়ে বাওট শাপলা ক্লাব দ্বিতীয় রাউন্ডে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর ৮ম দিনের খেলায় মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়ন একাদশকে ৫-০ গোলের বিরাট

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পরিচালনা কমিটির নির্বাহী সদস্য, আমিরুল বসিলাম অল্ডাম, সেলিম রেজা, হাসানুজ্জামান বাবু, জাহাঙ্গীর আলম, শামসুজ্জামান শামীম, মাহাবুব হাসান ডালিম ।

রেফারি হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন গাংনীর মাহাবুব হোসেন। তাকে সহযোগীতা করেন গাংনীর টুটুল রহমান ও মুজিবনগরের সোহেল রানা। চতুর্থ রেফারি হিসেবে ছিলেন আব্বাছ উদ্দীন। খেলার ধারাভাষ্যে ছিলেন আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন।

উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত ছিলেন।

আজ ১০ জুন ৭ম ম্যাচে একই মাঠে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন একাদশ ও গাংনী উপজেলার কাথুলি ইউনিয়ন একাদশের মধ্যে লড়াই হবে।

কোলা ইলেভেন স্টারকে ৪-০ গোলে হারিয়ে এফসিবি দ্বিতীয় রাউন্ডে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর ৫ম দিনের খেলায় মেহেরপুর সদর উপজেলার কোলা ইলেভেন স্টার ক্লাবকে ৪-০ গোলের বিরাট ব্যবধানে হারিয়ে ফাস্ট ক্যাপিট্যাল অব বাংলাদেশ (এফসিবিএস) দ্বিতীয় রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে।

উত্তেজনাপূর্ণ খেলাটিতে প্রথম অর্ধের ১৪ মিনিটের সময় ফাস্ট ক্যাপিট্যাল অব বাংলাদেশ (এফসিবিএস) এর ৮ নং জার্সি পরিহিত ফরোয়াড মোবারক হোসেন দৃষ্টিনন্দন গোল করে দলকে এগিয়ে নেন। এরপর ২৮ মিনিটের সময় আরও একটি গোল করেন এই ফরোয়ার্ড। এরপর ৩৫ মিনিটের সময় তৃতীয়ল গোলটি করে রাজশাহী থেকে আসা রাফায়েল। পরে আবারও দ্বিতীয় অর্ধের ২০ মিনিটের সময় আরও একটি গোল তাদের খাতায় যোগ করেন। তবে উত্তেজনাপূর্ণ ম্যাচটিতে উভয় দলই কয়েকটি করে গোল

সুযোগ হারান।

খেলায় বিচারকদের দৃষ্টিতে সেরা খেলোয়াড়ের হিসেবে নির্বাচিত হন এফসিবিএসের ফরোয়ার্ড তানিন সরকার। তাকে টুর্নামেন্টের পক্ষ থেকে ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত করা হয়।

তার হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের পরিচালনা কমিটির সভাপতি এমদাদুল হক ও সদস্য আব্দুস সালাম (সাবেক ব্যাংকার)।

খেলায় সর্বোচ্ছ দুটি করে গোল দেওয়ায় রাফায়াল ও মোবারক হোসেনকে মেহেরপুর লালন বালি ভান্ডারের পক্ষ থেকে দুটি গেঞ্জি উপহার দেন।

এসময় মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের আহবায়ক সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, খেলা পরিচালনা কমিটির নির্বাহী সদস্য, শামীম জাহাঙ্গীর সেন্টু, সেলিম রেজা, হাসানুজ্জামান বাবু, জাহাঙ্গীর আলম, শামসুজ্জামান শামীম, মাহাবুব হাসান ডালিম ।

রেফারি হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন গাংনীর আব্বাছ আলী। তাকে সহযোগীতা করেন গাংনীর মাহাবুব হোসেন ও মুজিবনগরের সোহেল রানা। চতুর্থ রেফারি হিসেবে ছিলেন টুটুল রহমান।

উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত ছিলেন।

আগামীকাল শুক্রবার ৯ জুন ষষ্ঠ ম্যাচে একই মাঠে মুজিবনগর উপজেলার মোনাখালি ইউনিয়ন একাদশ ও গাংনী ফুটবল একাডেমি লড়াই করবে।